

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় সঞ্চয় অধিদপ্তর  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।  
[www.nationalsavings.gov.bd](http://www.nationalsavings.gov.bd)

নং- ০৮.০৪.০০০০.০১১.০৬.০৩১.১৯- ২৪৩৪

তারিখঃ ২৭ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ  
০২ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ** ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবনী ধারনার তালিকা প্রকাশ।

সূত্রঃ জাতীয় সঞ্চয় অধিদপ্তরের পত্র নং ০৮.০৪.০০০০.০১১.০৬.০৩১.১৯-১৬০৫; তারিখঃ ২০/০৭/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১' অনুযায়ী মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ হতে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান করা হয়েছে এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক একটি তালিকা প্রস্তুত করা হয়েছে।

০২। প্রস্তুতকৃত তালিকাটি মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০১ পাতা।



(সামছুন্নাহার বেগম)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

☎ ০২-৯৫৫৯৯০৮

ই-মেইলঃ [dg.nsd.bd@gmail.com](mailto:dg.nsd.bd@gmail.com)

সিনিয়র সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব, ইনোভেশন]

নং- ০৮.০৪.০০০০.০১১.০৬.০৩১.১৯ ২৪৩৪

তারিখঃ ২৭ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ  
০২ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। অফিস নথি।




(সামছুন্নাহার বেগম)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

২০২০-২০২১ অর্থবছরে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা:

ক্র	উদ্ভাবনী উদ্যোগ/ধারণার নাম	বিবরণ	বাস্তবায়নকারী অফিস
১	প্রত্যেক ডেস্কের সামনে গ্লাস স্থাপন/ বিক্রয় ও ভাঙ্গানোর জন্য পৃথক সেবা কাউন্টার স্থাপন	জাতীয় সঞ্চয় অধিদপ্তরের অধীন সঞ্চয় ব্যুরোসমূহ সরকারের অত্যন্ত গুরুত্বপূর্ণ ও ব্যস্ততম অফিস। সঞ্চয়পত্র ভাঙ্গাতে বা মুনাফা গ্রহণ করতে আসা গ্রাহকের সংখ্যা তুলনামূলকভাবে বেশী। বর্তমানে কোভিড-১৯ পরিস্থিতিতে অফিসের বিদ্যমান আয়তনে এত সংখ্যক লোক বসার বা নিরাপদ দুরত্বে অবস্থান করে দাঁড়ানোর জায়গা দেয়া সম্ভব হয়না। অল্প জায়গায় বিপুল সংখ্যক বিনিয়োগকারী গাদাগাদি করে অবস্থান করেন। ফলে বিনিয়োগকারীদের পাশাপাশি অফিসে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ স্বাস্থ্য ঝুঁকি নিয়ে কাজ করছেন। জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহে বাণিজ্যিক ব্যাংক এর কাউন্টারের আদলে কাঠ, হার্ড বোর্ড ও কাঁচ ব্যবহার করে দু'টি কাউন্টার তৈরি করা যেতে পারে। এই কাউন্টার দু'টির ভিতর প্রান্তে অফিসের কর্মকর্তা-কর্মচারী অবস্থান করবেন এবং বাহির প্রান্তে সু-শৃঙ্খলভাবে নিরাপদ দুরত্বে অবস্থান করা বিনিয়োগকারীগণকে তাঁদের কাজিত সেবা প্রদান করবেন। ফলে গ্রাহক সেবার পাশাপাশি সামাজিক দুরত্ব নিশ্চিত করা সম্ভব হবে।	জাতীয় সঞ্চয় অধিদপ্তর এর আওতাধীন সকল অফিসসমূহ
২	এক ফরমেই সব তথ্য সংযুক্তকরণ।	যেহেতু অনলাইন সিস্টেম নিয়ে গ্রাহকগণের অস্পষ্টতা রয়েছে, সেক্ষেত্রে ফরমের নতুন নিয়মে সঞ্চয়পত্র কেনার জন্য কি কি লাগবে (এনআইডি, টিআইএন, ছবি) সে বিষয়টি যুক্ত করে দিলে গ্রাহকগণের বোধগম্যতা বৃদ্ধি পাবে।	জাতীয় সঞ্চয় অধিদপ্তর
৩	অফিসের সামনে ডিসপ্লে প্রদর্শন	প্রত্যেক অফিসের সন্মুখে অনলাইন পদ্ধতিতে সঞ্চয়পত্র ক্রয়ের নিয়মাবলী, সঞ্চয়পত্রের মুনাফার হার, উৎসে কর কর্তনের হার ইত্যাদি বিষয়ে ডিসপ্লে প্রদর্শন করা হলে গ্রাহক অতি সহজেই এ সম্পর্কে অবগত হতে পারবেন।	জাতীয় সঞ্চয় অধিদপ্তর এর আওতাধীন সকল অফিসসমূহ
৪	টোকেন ব্যবস্থাপনা চালুকরণ	ম্যানুয়াল পেমেণ্টের ক্ষেত্রে টোকেন ব্যবস্থা চালু করলে গ্রাহক সেবার মান বৃদ্ধি পাবে।	জাতীয় সঞ্চয় অধিদপ্তর এর আওতাধীন সকল অফিসসমূহ
৫	ফাট এইড বক্স রাখা	সকল ব্যুরোতে বিনিয়োগকারী/ কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রাথমিক চিকিৎসার জন্য ফাট এইড বক্স রাখা যেতে পারে।	জাতীয় সঞ্চয় অধিদপ্তর এর আওতাধীন সকল অফিসসমূহ
৬	স্বচ্ছ খাম	জাতীয় সঞ্চয় অধিদপ্তরের লোগো ও ঠিকানা সম্বলিত স্বচ্ছ খাম মুদ্রণ করা যেতে পারে। সঞ্চয়পত্র ক্রয় করার সময় গ্রাহকের সঞ্চয়পত্র ক্রয়ের প্রমাণকটি স্বচ্ছ খামে দিলে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রচারণা আরো বাড়বে।	জাতীয় সঞ্চয় অধিদপ্তর ও এর আওতাধীন সকল অফিসসমূহ
৭	Innovation Galaxy স্থাপন।	জাতীয় সঞ্চয় অধিদপ্তরের Innovation কর্মকর্তা showcase করার জন্য প্রধান কার্যালয়ে Innovation Galaxy স্থাপন করা যেতে পারে।	জাতীয় সঞ্চয় অধিদপ্তর
৮	অগ্নি নির্বাপন যন্ত্র Fire Extinguishers	অফিসে গুরুত্বপূর্ণ কাগজসহ প্রয়োজনীয় নথিপত্র থাকায় ইহার অগ্নি নিরাপত্তার স্বার্থে প্রতিটি অফিসে অগ্নি নির্বাপন যন্ত্র (Fire Extinguishers) স্থাপন।	জাতীয় সঞ্চয় অধিদপ্তর এর আওতাধীন সকল অফিসসমূহ

  
০২/০২/২০২০  
সুলতানা জাকিয়া  
সংস্করণ পরিচালক : পরিসংখ্যান  
জাতীয় সঞ্চয় অধিদপ্তর অর্থ মন্ত্রণালয়